# আল-আম্বিয়া | Al-Anbiya | ٱلْأَنۢبِيَاء

আয়াতঃ ২১ : ১২

## আরবি মূল আয়াত:

فَلَمَّاۤ اَحَسُّوۡا بَاۡسَنَاۤ اِذَا هُمۡ مِّنۡهَا یَرۡكُضُوۡنَ ﴿۱۲﴾

## অনুবাদসমূহ:

অতঃপর তারা যখন আমার আযাব দেখল তখনই তারা জনপদ ছেড়ে পালাতে লাগল। — আল-বায়ান

তারা যখন আমার শাস্তি ('র আগমন) অনুভব করল, তখন তারা তাথেকে পালিয়ে যেতে (চেষ্টা) করল। — তাইসিরুল

অতঃপর যখন তারা আমার শাস্তি প্রত্যক্ষ করল তখনই তারা জনপদ হতে পালাতে লাগল। — মুজিবুর রহমান

And when its inhabitants perceived Our punishment, at once they fled from it. — Sahih International

১২. অতঃপর যখন তারা আমাদের শাস্তি টের পেল(১) তখনই তারা সেখান থেকে পালাতে লাগিল।

(১) অর্থাৎ যখন তাদের নবীর ওয়াদামত আল্লাহর আযাব মাথার উপর এসে পড়েছে এবং তারা জানতে পেরেছে যে, তাদের ধ্বংস এসে গেছে তখন তারা পালাতে লাগল। [ইবন কাসীর; ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(১২) অতঃপর যখন ওরা আমার শাস্তির কথা অনুভব করল, তখনই ওরা জনপদ হতে পলায়ন করতে লাগল। [1]

[1] অনুভব করার অর্থ ইন্দ্রীয় দ্বারা জানা। অর্থাৎ, যখন তারা চোখ দ্বারা আযাব বা আযাবের লক্ষণ আসতে দেখল অথবা কান দ্বারা মেঘের গর্জন শুনে জানতে পারল, তখন তারা তা থেকে বাঁচার পথ খুঁজতে শুরু করল। ركض এর অর্থ হল, ঘোড়ার উপর চড়ে তাকে দৌড়ানোর জন্য পায়ের গোড়ালি দ্বারা আঘাত করা। আর এখান থেকেই এই শব্দ পলায়নের অর্থে ব্যবহার হতে লাগে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2495

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন